

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭৪

১/ বিবিধ

আরবী

من أصبح وهمه التقوى ثم أصاب فيما بين ذلك ذنبا، غفر الله له
موضوع

رواه ابن عساكر (15 / 320 / 1) عن أبي الحسام محمد بن عبد الواحد ابن محمد الكسائي الطبري: حدثنا أبو عبد الله الحسين بن أحمد الأسدي الطبري: أنبأنا أبو نعيم عبد الملك بن محمد بن عدي الإستراباذي: حدثنا أبو الحسن أحمد بن الحسن بن أبان المصري الأيلي حدثنا محمد بن عبد الله الأنصاري حدثنا أبو عامر بن يسار – بعبادان – : حدثنا يحيى بن أبي كثير عن عكرمة عن ابن عباس مرفوعا. أورده في ترجمة أبي الحسام هذا وساق له هذا الحديث ولم يذكر فيه جرحا ولا تعديلا. وآفة الحديث أحمد بن الحسن هذا، قال ابن حبان: " كذاب دجال يضع الحديث على الثقات ". وقال الدارقطني: " حدثونا عنه وهو كذاب ". والحديث أورده السيوطي في " الجامع " من رواية ابن عساكر هذه وبيض له المناوي في " الفيض "! وأما في " التيسير " فقال: ضعيف

قلت: ومن الظاهر أنه لم يقف على علته الموجبة الحكم عليه بالوضع كما رأيت، وإنما جرى في تضعيفه على الجادة المعروفة فيما رواه ابن عساكر وحده

বাংলা

১৮৭৪। যে সকাল করল এমতাবস্থায় যে তার ভাবনা হচ্ছে তাকওয়া কেন্দ্রিক। অতঃপর সে যদি এর মাঝে কোন গুনাহে জড়িয়ে পড়ে তাহলে আল্লাহ্ তাকে ক্ষমা করে দিবেন।

হাদীসটি বানোয়াট।

এটিকে ইবনু আসাকির (১৫/৩২০/১) আবুল হুসাম মুহাম্মাদ ইবনু আব্দুল অহেদ ইবনু মুহাম্মাদ কাসাঈ ত্বারী হতে, তিনি আবু আব্দুল্লাহ হুসাইন ইবনু আহমাদ আসাদী ত্বারী হতে, তিনি আবু নুয়াইম আব্দুল মালেক ইবনু মুহাম্মাদ ইবনু আদী ইসতারাবায়ী হতে, তিনি আবুল হাসান আহমাদ ইবনুল হাসান ইবনু আবান মিসরী উবুল্লী হতে, তিনি মুহাম্মাদ ইবনু আব্দুল্লাহ্ আনসারী হতে, তিনি আবু আমের ইবনু ইয়াসার বা'বাদান হতে, তিনি ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। তিনি এটিকে আবুল হুসামের জীবনীতে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

এ হাদীসটির সমস্যা হচ্ছে আহমাদ ইবনুল হাসান। ইবনু হিব্বান তার সম্পর্কে বলেনঃ তিনি বড় মিথ্যুক, দাজ্জাল, নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জালকারী। দারাকুতনী বলেনঃ তারা আমাদেরকে তার থেকে হাদীস বর্ণনা করে শুনিয়েছেন, তিনি একজন বড় মিথ্যুক।

হাদিসটিকে সুযুতী "আলজামে" গ্রন্থে ইবনু আসাকিরের বর্ণনায় উল্লেখ করেছেন। আর মানবী "আলফায়েয" গ্রন্থে কিছু না বললেও তিনি "আত-তায়সীর" গ্রন্থে বলেছেনঃ দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বাহ্যিক অবস্থা এই যে, তিনি হাদীসটির সেই সমস্যা সম্পর্কে অবগত হননি, যা জাল বলে হুকুম প্রদান করাকে অপরিহার্য করে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72757>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন